

# চট্টগ্রাম প্রতিদিন

## আইআইইউসির বোর্ড অব ট্রাস্টের ৮ম সভা অনুষ্ঠিত

• শনিবার, 15 অক্টোবর ২০২২



আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের (আইআইইউসি) বোর্ড অব ট্রাস্টের (বিওটি) ৮ম সভা অনুষ্ঠিত হয়েছে।

শনিবার (১৫ অক্টোবর) দুপুর সাড়ে ১২টায় আইআইইউসি'র প্রসাশনিক ভবনের কনফারেন্স কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

সভায় আইআইইউসির বোর্ড অফ ট্রাস্টের ৭ম সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ, ২৪২, ২৪৩ ও ২৪৪ তম সিন্ডিকেট সভার কার্যবিবরণী অনুমোদন, আইআইইউসির ২৫ বছর পূর্তী উদযাপন নিয়ে আলোচনা এবং বিভিন্ন কমিটির প্রতিবেদন পেশ ও সুপারিশসমূহ অনুমোদন করা হয়।

বোর্ড অব ট্রাস্টের সভাপতি প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি সভাপতিত্বে এতে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ, খাদিজাতুল আনোয়ার সনি এমপি, প্রফেসর ড. কাজী দ্বীন মুহাম্মদ, ড. ইঞ্জিনিয়ার রশিদ আহমদ চৌধুরী, প্রফেসর ড. মো. ফসিউল আলম, মোহাম্মদ খালেদ মাহমুদ, মিয়া মুহাম্মদ ইসমাঈল মানিক, প্রফেসর ড. মুহাম্মদ সালেহ জহুর, জামান আরা বেগম, মুহাম্মদ বদিউল আলম, অধ্যাপক মোহাম্মদ আবদুর রহিম, ড. মো. শামসুজ্জামান, আব্দুল মতিন ভূঁইয়া।

বিগুটি চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি এ সময় বলেন, ‘সরকারী-বেসরকারী ও বৈদেশিক সাহায্যে আইআইইউসিতে বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন হচ্ছে। বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন উন্নয়ন কর্মকান্ডে সহযোগিতার জন্য মন্ত্রী সভার সদস্য, সাংসদ, সরকারি উচ্চপদস্থ কর্মকর্তাবৃন্দ, বেসরকারি প্রতিষ্ঠানকে আমি আন্তরিক কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করছি। তিনি ২৯ অক্টোবর আইআইইউসির ২৫ বছর পূর্তি উপলক্ষে অনুষ্ঠিতব্য অনুষ্ঠানে বোর্ড অব ট্রাস্টিজের সকল সদস্যদের আমন্ত্রণ জানান এবং সকলের সহযোগিতা কামনা করেন।

উক্ত অনুষ্ঠানে প্রায় ৫০ এর অধিক বিদেশি মেহমানসহ দেশের বিভিন্ন বিশিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত থাকবেন বলে জানানো হয়।